

## আন্তর্জাতিক টুরিজম অ্যাওয়ার্ড পেল ইউএস-বাংলা এয়ারলাইন্স

- A Monitor Desk Report

Date: 30 May, 2024



ঢাকাঃ পর্যটন খাতে অবদানের জন্য টোয়াব আন্তর্জাতিক টুরিজম অ্যাওয়ার্ড-২০২৪ (টিটা) পেল দেশের সর্ববৃহৎ বেসরকারি এয়ারলাইন্স প্রতিষ্ঠান ইউএস-বাংলা এয়ারলাইন্স।

টিটা-২০২৪-এ এক্সিলেন্স ইন টুর অপারেটর সাপোর্টিভ এয়ারলাইন্স ক্যাটাগরিতে পুরস্কার পায় এয়ারলাইন্সটি।

বুধবার (২৯ মে) বনানীর একটি হোটেলে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ইউএস-বাংলা এয়ারলাইন্সের পক্ষে অ্যাওয়ার্ড গ্রহণ করেন প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক (জনসংযোগ) মো. কামরুল ইসলাম।

২০১৪ সালের ১৭ জুলাই যাত্রা শুরু করে ইউএস-বাংলা এয়ারলাইন্স। বাংলাদেশের বিমান পরিবহন শিল্পে একের পর এক অনন্য নজির স্থাপন করে চলেছে।

বর্তমানে অভ্যন্তরীণ সকল রুট ছাড়াও ইউএস-বাংলা এয়ারলাইন্স দুবাই, শারজাহ, আবুধাবি, মাস্কাট, দোহা, মালে, কুয়ালালামপুর, সিঙ্গাপুর, ব্যাংকক, গুয়াংজু, চেন্নাই ও কলকাতা রুটে ফ্লাইট পরিচালনা করছে।

২টি ড্যাশ ৮-কিউ৪০০ নিয়ে যাত্রা শুরু করা ইউএস-বাংলার বহরে বর্তমানে রয়েছে ৪৩৬ আসন বিশিষ্ট দুইটি এয়ারবাস ৩৩০-৩০০, ৯টি বোয়িং ৭৩৭-৮০০, ১০টি ব্র্যান্ডনিউ এটিআর ৭২-৬০০ ও তিনটি ড্যাশ৮-কিউ৪০০ এয়ারক্রাফটসহ মোট ২৪টি উড়োজাহাজ।

-B